(৩৩)

যুগান্তর

AUG. 31 2006

পৃষ্ঠা ২০ কলাম ৪

# কানাডায় পড়াশোনা

ইদ্রিসুর রহমান

শিল্পোন্নত প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর কানাডায় ৯০টিরও বেশি বিশ্ববিদ্যালয় এবং ১৫০টিরও বেশি কলেজ ও টেকনিক্যাল কলেজ আছে। কানাডায় শিক্ষার হার ১০০ ভাগ। শিক্ষা প্রতিষ্ঠানগুলো সম্পূর্ণ ধূমপানমুক্ত। নিজের সুন্দর একটি ক্যারিয়ার গঠনের উদ্দেশে বেছে নিতে পারেন কানাডার শিক্ষা প্রতিষ্ঠান।

**শিক্ষার মাধ্যম**

কানাডায় দুটি মাধ্যমে পড়াশেনা করার সুযোগ আছে। ইংরেজি ও ফ্রেঞ্চ। যে ভাষাতেই পড়াশোনা করুন না কেন সে ভাষাতে আপনাকে দক্ষ হতে হবে এবং তার যোগ্যতা প্রমাণ করতে হবে।

**আবেদনের যোগ্যতা**

আন্ডার গ্রাজুয়েট পর্যায়ের শিক্ষার্থীদের ক্ষেত্রে TOEFL এ স্কোর ন্যূনতম ৫৫০ বা IELTS এ স্কোর ন্যূনতম ৫.৫ থাকতে হবে এবং ভালো ফলাফলসহ ১২ বছরের শিক্ষাজীবন সমাপ্ত করতে হবে।

**শিক্ষাবর্ষ**

কানাডায় শিক্ষাবর্ষ শুরু হয় সেপ্টেম্বর থেকে মে পর্যন্ত।

**আবেদন**

কানাডায় পড়ার জন্য আবেদন আপনি সরাসরি করতে পারেন বা ইন্টারনেটের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারেন। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন ঢাকার কানাডিয়ান হাইকমিশনে।

**ঠিকানা**

Canadian high commission, immigration section, house-16/A Road-48, Gulshan-2, Dhaka, ফোন-৯৮৮৭০৯১-৭। অথবা যোগাযোগ করতে পারেন Canadian Bureaufor international Education, 220 Laurier Avenue w. Suite 1100, ottaua. Ontario KIP 5Z 9

**প্রোগ্রাম**

সার্টিফিকেট, ডিপ্লোমা, আন্ডার গ্রাজুয়েট, মাস্টার্স, পিএইচডি, পোস্ট ডক্টরস।

**বিষয়**

বিবিএ, মার্কেটিং, ইকোনমিক্স, বিজনিস স্টাডিজ, ফরেন অ্যাফেয়ার্স, পলিটিক্যাল সায়েন্স, সোসিওলজি, 'ল', লিটারেচার, মিউজিক, ল্যাঙ্গুয়েজ, অ্যাভিয়েশন, অটোমোবাইল, টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, ইঞ্জিনিয়ারিং, মেডিসিন, নার্সিং, ট্যুরিজম, হোটেল



ম্যানেজমেন্ট, হিস্টোরি, বায়োলজি, বোটানি, ম্যাথমেটিক্স, ফিজিক্স, ক্যামেস্ট্রি, অ্যাপলাইড সায়েন্স, এনথ্রোপোলজি, ফরেস্ট্রি, এগ্রিকালচার, ডিজাইন, আর্টস, এনভায়রনমেন্টাল সায়েন্স, ফুড প্রসেসিং ইত্যাদি।

**খরচাপাতি**

কানাডায় পড়াশোনার খরচ নির্ভর করে শিক্ষা প্রতিষ্ঠান ও প্রোগ্রামের ওপর। বার্ষিক টিউশন ফি ১০০০ ইউএস ডলার থেকে ৪৫০০০ ইউএস ডলার পর্যন্ত হয়ে থাকে।

**পার্ট টাইম জব**

এখানে অধ্যয়নরত ফুলটাইম শিক্ষার্থীরা পার্টটাইম জবের অনুমতি পায়। ক্লাস চলাকালীন সপ্তাহে ২০ ঘণ্টা এবং ছুটির দিনগুলোতে পূর্ণকালীন কাজের অনুমতি পায়। পার্টটাইম জব করে একজন শিক্ষার্থীর থাকা-খাওয়াসহ অন্যান্য খরচ পুরোপুরি মেটানো যায়।